

25 FEB 20 3

দৈনিক
ইলকিলাব

ক্রমিক
১৮

এডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হবে শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার : সরকারী কলেজে ৪ হাজার শিক্ষকের পদ বর্তমানে শূন্য রয়েছে। এসব শূন্যপদে পিএসসি'র মাধ্যমে পূরণের উদ্যোগ নেয়া হয়েছে। সাময়িকভাবে শিক্ষকশূন্যতা মোকাবেলায় সরকার এডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। এলপিআর ও অবসরে যাওয়া শিক্ষকদের হুক্তিত্তিক নিয়োগের বিষয়টিও বিবেচনা করা হচ্ছে। শিক্ষামন্ত্রী ডঃ এস ওসমান ফারুক গতকাল (সোমবার) জাতীয় সংসদে এসব তথ্য জানান। আওয়ামী লীগের সদস্য শাহজাহান খানের এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে মন্ত্রী আরো বলেন, সরকারী কলেজে এত বিপুল সংখ্যক পদ একদিনে শূন্য হয়নি। বিগত সরকারের আমলে যথাযথ ব্যবস্থা নিলে এখন নান্দক অবস্থার সৃষ্টি হতো না। মন্ত্রী বলেন, পিএসসি'র মাধ্যমে রাতারাতি এতগুলো শূন্যপদ পূরণ সম্ভব নয়। বিধায় আমরা সুনির্দিষ্ট মীতিমালার ভিত্তিতে এডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছি। ২-এর ৭ঃ ৫-এর কঃ দেখুন

শিক্ষামন্ত্রী

গাইবান্ধা-৪ আসনের মোঃ আবদুল মোতালিব আকব-এর অপর এক প্রশ্নের দ্বিবিভ উত্তরে শিক্ষামন্ত্রী সংসদকে জানান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির নেতৃত্বে গঠিত মাদ্রাসা শিক্ষার সংকল্প কমিটি ফাইনাল ও কামিল ডিগ্রীকে মাধ্যমিক শিক্ষার যেমন ব্যাচেলর ও মাস্টার ডিগ্রীর সমমান প্রদানের সুপারিশ করেছে। কমিটির সুপারিশ মোতাবেক সিদ্ধান্তটি বর্তমানে বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যে এলজিআরডি মন্ত্রীর নেতৃত্বে মাদ্রাসা শিক্ষা আইন সংশোধন ও মাদ্রাসা শিক্ষা ডিগ্রী সম্পর্কে যথাযথ সুপারিশের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি শীঘ্রই সুপারিশ পেশ করবে।